রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৩ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর ২০০৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১৪-আইন/২০০৬।**—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **বিধিমালার নাম।**—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (যানবাহন রিকুইজিশন এবং ক্ষতিপূরণ) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) ;

(খ) "কমিটি" অর্থ বিধি ৫ এর অধীন গঠিত ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি;

(গ) "কমিশনার" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার।

৩। **যানবাহন রিকুইজিশন এবং ক্ষতিপূরণ প্রদান।**—(১) কমিশনার অধ্যাদেশের section 103A তে প্রদত্ত ক্ষমতাবলে লিখিত আদেশ দ্বারা, জনস্বার্থে, যে কোন যানবাহন রিকুইজিশন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশনার, অধ্যাদেশের section 7(2) তে প্রদত্ত ক্ষমতাবলে, তাহার যানবাহন রিকুইজিশন করিবার ক্ষমতা সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।


মূল্য ঃ টাকা ৪.০০

(৩) এই বিধির অধীন কোন যানবাহন রিকুইজিশন করা হইলে রিকুইজিশনকৃত যানবাহনের মালিককে, প্রয়োজনে, কমিটি কর্তৃক নির্ধারিত হারে, ক্ষতিপূরণ প্রদান করা হইবে।

৪। **রিকুইজিশনের সাধারণ নীতিমালা এবং কতিপয় বাধা-নিষেধ।**—(১) দাপ্তরিক বা উক্তরূপ প্রকৃতির কোন দায়িত্ব পালনের নিমিত্ত, বিশেষ প্রয়োজনে, ভারপ্রাপ্ত কর্মকর্তার নিম্নে নহে ঢাকা মেট্রোপলিটন পুলিশের এইরূপ কোন কর্মকর্তা অথবা কোন সরকারী বা আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অথবা কোন স্বতন্ত্র সংগঠনের অফিস প্রধান কমিশনারের নিকট, লিখিতভাবে কারণ উল্লেখপূর্বক, যানবাহন রিকুইজিশন করিবার জন্য অনুরোধ জানাইতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন অনুরোধ প্রাপ্তির পর কমিশনার, উক্তরূপ রিকুইজিশনের প্রয়োজনীয়তা সম্পর্কে সন্তুষ্ট হইলে, যথাযথ প্রকৃতির যানবাহন সর্বোচ্চ সাত দিনের জন্য রিকুইজিশনের আদেশ প্রদান করিতে পারিবেন।

(৩) কোন বোঝাইকৃত যানবাহন উহার গন্তব্যস্থলে না পৌঁছানো পর্যন্ত রিকুইজিশনের উদ্দেশ্যে উহা খালি করা যাইবেনা।

(৪) কোন যানবাহন রিকুইজিশন করিবার সময়, রিকুইজিশন আদেশে, রিকুইজিশনের উদ্দেশ্য এবং মেয়াদ স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(৫) কমিশনার, ব্যক্তি মালিকানাধীন যানবাহনের ক্ষেত্রে উহার মালিকের সহিত আলোচনা ও সমঝোতা ব্যতিরেকে সংশ্লিষ্ট যানবাহন রিকুইজিশন করা হইতে বিরত থাকিবেন।

৫। **ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি।**—(১) রিকুইজিশনকৃত যানবাহনের মালিককে কি পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করা যায় তাহা নিরূপণের উদ্দেশ্যে কমিশনার, নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে, ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি নামে একটি কমিটি গঠন করিবেন, যথা ঃ—

(ক) ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) ঢাকা মেট্রোপলিটন পুলিশের যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রাফিক);

(গ) ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (হেডকোয়ার্টারস);

(ঘ) কমিশনার কর্তৃক মনোনীত ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগের একজন সহকারী পুলিশ কমিশনার;

(ঙ) সহকারী পুলিশ কমিশনার (এম টি), যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(চ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের সহকারী পরিচালক পদ মর্যাদার নিম্নে নহেন এইরূপ একজন কর্মকর্তা।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, অতিরিক্ত পুলিশ কমিশনার, স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় বলিয়া মনে করিলে, অন্য কোন ব্যক্তিকেও কমিটিতে, সহযোগী সদস্য হিসাবে, অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

(৩) অতিরিক্ত পুলিশ কমিশনার, প্রয়োজন অনুযায়ী, কমিটির সভা পরিচালনা করিবেন।

৬। **ক্ষতিপূরণ ও খোরাকী ভাতা।**—(১) রিকুইজিশনকৃত যানবাহনের ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে কমিটি যানবাহনের শ্রেণী, আসন সংখ্যা, বিনিয়োগ মূল্যমান এবং মডেল, ইত্যাদি বিষয় বিবেচনায় আনিবে।

(২) রিকুইজিশনকৃত যানবাহনের ব্যবহারকারীগণ যানবাহনের ড্রাইভার ও হেলপারকে দৈনিক খোরাকী ভাতা প্রদান করিবেন।

৭। **ক্ষতিপূরণ প্রদান।**—(১) পুলিশ কর্তৃক, জনস্বার্থে ব্যবহারের উদ্দেশ্যে, রিকুইজিশনকৃত যানবাহনের ক্ষতিপূরণ, অন্যান্য সরকারী বিভাগের ন্যায়, পুলিশ বিভাগের ফাইন্যান্সিয়াল বিধি ও প্রবিধান অনুযায়ী পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত রিকুইজিশনকৃত যানবাহনের অন্যান্য ব্যবহারকারীগণ, যানবাহনের মালিককে প্রদানের লক্ষ্যে, যানবাহন রিকুইজিশনের পূর্বে কমিশনারের নিকট ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করিবেন এবং কোন যানবাহন পুনঃ রিকুইজিশনের ক্ষেত্রে ক্ষতিপূরণের সম্পূর্ণ অর্থ উহার মালিক বা ড্রাইভারের নিকট কমিশনার বা তাহার পক্ষে দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা এক সাথে প্রদান করিবেন এবং উহার যথাযথ প্রাপ্তি স্বীকার পত্র গ্রহণ করিবেন।

৮। **রক্ষণাবেক্ষণ খরচ, ইত্যাদি।**—রিকুইজিশনকৃত যানবাহনের রক্ষণাবেক্ষণ, জ্বালানী, মবিল এবং অন্যান্য খাতে ব্যয়িত অর্থ উহাদের ব্যবহারকারী কর্তৃপক্ষ বহন করিবে।

৯। **রিকুইজিশনকৃত যানবাহনের টোল, ইত্যাদি পরিশোধ।**—রিকুইজিশনকৃত যানবাহন ব্যবহারের সময় উহার চলাচলের পথে প্রয়োজনীয় সকল ব্যয়ভার (যেমন সড়ক, সেতুর টোল, ইত্যাদি) উহার ব্যবহারকারীকে বহন করিতে হইবে।

১০। **ক্ষতিগ্রস্ত হওয়ার ক্ষেত্রে ক্ষতিপূরণ।**—(১) কোন রিকুইজিশনকৃত যানবাহন স্বাভাবিক ত্রুটি ব্যতীত অন্য কোনভাবে ক্ষতিগ্রস্ত হইলে উক্ত যানবাহনকে রিকুইজিশন করার পূর্বাবস্থায় ফিরাইয়া আনিবার জন্য কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে তাহা কমিটি, অনুরূপ ক্ষতিগ্রস্ত হওয়ার সংবাদ প্রাপ্তির সাত দিনের মধ্যে, নিরূপণ করিবে।

(২) পুলিশ বিভাগ বা অন্য কোন সরকারী সংস্থা রিকুইজিশনকৃত যানবাহন ব্যবহারকারী হইলে, তাহাদিগকে যথাযথ আর্থিক নিয়মাবলী অনুসরণপূর্বক, উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত, ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে কমিশনার অথবা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে, যানবাহন রিকুইজিশন-মুক্ত করিবার সময় বা ক্ষতিপূরণের অর্থের পরিমাণ নির্ধারণ করিবার সময়ের পরবর্তী পাঁচ দিনের মধ্যে, যাহা যথার্থ হয়, যানবাহনের মালিককে ক্ষতিপূরণের অর্থ প্রদান করিতে হইবে।

১১। **আপীল।**—রিকুইজিশনকৃত ক্ষতিগ্রস্ত যানবাহনের মালিক যদি মনে করেন যে, সংশ্লিষ্ট যানবাহন মেরামতের জন্য নির্ধারিত ক্ষতিপূরণের অর্থের পরিমাণ পর্যাপ্ত নয় তাহা হইলে, তিনি কমিটির সিদ্ধান্ত প্রাপ্তির সাত দিনে মধ্যে, কারণ উল্লেখপূর্বক, মহা-পুলিশ পরিদর্শকের নিকট আপীল করিতে পারিবেন এবং এইক্ষেত্রে মহা-পুলিশ পরিদর্শকের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১২। **নির্দেশ অমান্যকারীর বিরুদ্ধে ব্যবস্থা।**—কোন যানবাহনের ড্রাইভার বা মালিক তাহার যানবাহন রিকুইজিশন করাকালে বাধা প্রদান করিলে অথবা নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট যানবাহন যথাযথ কর্তৃপক্ষের নিকট, যুক্তিসংগত কারণ ব্যতীত, হস্তান্তর করিতে ব্যর্থ হইলে, সংশ্লিষ্ট যানবাহনের রুট পারমিট এবং রেজিস্ট্রেশন বাতিলের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা যাইবে এবং বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সুজায়েত উল্যা**
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।